অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

নিউ ইয়র্ক স্টেটে বাড়ির মালিকদের ভাড়া সংক্রান্ত সহায়তার জন্য গভর্নর হোচুলের 125 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা

যেসব বাড়ির মালিকের ভাড়াটিয়ারা নিউ ইয়র্কের জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচিতে (Emergency Rental Assistance Program) অংশগ্রহণ করতে অস্বীকৃতি জানিয়েছেন অথবা ভাড়া বকেয়া রেখেই ঘর ছেড়ে দিয়েছেন তাদের সহায়তা করার জন্য স্টেটের তরফ থেকে প্রদান করা তহবিল

বাড়ির মালিকরা এখন স্টেটের রেন্টাল অ্যাসিস্ট্যান্স পোর্টালের (Rental Assistance Portal) মাধ্যমে তহবিলের জন্য আবেদন করতে পারবেন

804 মিলিয়ন ডলারের সহায়তার মাধ্যমে বাড়ির মালিকদের 63,000 এরও বেশি অনুমোদিত পেমেন্ট প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে আবেদন প্রক্রিয়ায় ভাড়াটিয়াদের অংশগ্রহণ করার ফেডারেল পর্যায়ের শর্ত থাকায় নিউ ইয়র্ক স্টেটের জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারেননি এমন বাড়ির মালিকদের সাহায্য করতে এখন 125 মিলিয়ন ডলারের স্টেট তহবিল লভ্য রয়েছে। স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) বরাদ্দ করা এবং 7 অক্টোবর, বৃহস্পতিবার থেকে আবেদন গ্রহণ শুরু হওয়া, এই বাড়ির মালিকদের জন্য ভাড়া সহায়তা কর্মসূচি (Landlord Rental Assistance Program) সেসকল বাড়ির মালিকদের 12 মাস পর্যন্ত বকেয়া ভাড়া প্রদান করবে যারা তাদের ভাড়াটিয়া আবেদন করতে অস্বীকৃতি জানানো অথবা ভাড়া বকেয়া রেখেই বাড়ি ছেড়ে দেয়ার কারণে ফেডারেল তহবিল কর্মসূচি থেকে সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেনি। ছোট থেকে মাঝারি আকারের বাড়ির মালিকদের অগ্রাধিকার প্রদান করা হবে।

.

"নিউ ইয়র্কবাসীদের কাছে মহামারী সংক্রান্ত ত্রাণের অর্থ পৌঁছে দেয়া আমার প্রশাসনের প্রথম দিন থেকেই একটি শীর্ষ অগ্রাধিকার হয়ে আছে," **বলেছেন গভর্নর হোচুল।** "আমি গর্বিত যে আমাদের স্টেটের ভাড়া সহায়তা কর্মসূচি ইতোমধ্যে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে অতি প্রয়োজনীয় ত্রাণ সরবরাহ করেছে, কিন্তু এরপরও বহু ছোটখাট বাড়ির মালিক রয়ে গেছেন যারা ফেডারেল নিয়মের কারণে সেই ত্রাণ পাওয়ার যোগ্য বিবেচিত হননি কিন্তু আমাদের সাহায্য

তাদের প্রয়োজন। এই তহবিল সেই ব্যবধান পূরণ করার জন্য এবং আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে মহামারী থেকে সেরে উঠতে সাহায্য করার জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার।"

নিউ ইয়র্ক স্টেটের সিনেট হাউজিং কমিটির সভাপতি এবং নতুন তহবিল অনুমোদনকারী বিলের পৃষ্ঠপোষক, সিনেটর ব্রায়ান কাভানাঘ বলেন, "মহামারীর শুরু থেকেই নিউ ইয়র্কবাসীরা যাতে COVID-19 এর বয়ে আনা কষ্টকর অবস্থার কারণে তাদের বাড়ি হারানো থেকে এবং বকেয়া ভাড়ার দীর্ঘমেয়াদী বোঝা বহন করা থেকে সুরক্ষিত থাকেন সেটা নিশ্চিত করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ থেকেছি। বহিষ্কার ও সম্পত্তি দখল স্থগিতকরণ এবং জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি ইতোমধ্যে ব্যাপক পর্যায়ে সহায়তা প্রদান করছে এবং আমরা এই উদ্যোগসমূহের কার্যকারিতা উন্নত করার জন্য অব্যাহতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের ফেডারেল অর্থায়নের ERAP কর্মসূচির আওতায় পরিশোধ হওয়ার যোগ্য নয় এমন বকেয়া ভাড়া পরিশোধের জন্য স্টেটের তরফ থেকে এই নতুন তহবিল একটি সত্যিকার সমন্বিত পদক্ষেপ গ্রহণ করার ক্ষেত্রে আমাদের অঙ্গীকারের প্রমাণ। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যে, যেসব বাড়ির মালিকের ভাড়াটিয়া কয়েক মাস ধরে তাদের ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হয়ে অবশেষে বাড়ি ছেড়ে দিয়েছেন তারা এখন পেমেন্ট পাওয়ার যোগ্য হবেন, যা এই সময়কালে পরিশোধ না হওয়া ভাড়ার অর্থ বাড়ির মালিক বা ভাড়াটিয়া উভয়ের কারো জন্যেই যাতে বোঝায় পরিণত না হয় সেটা নিশ্চিত করবে। নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সহায়তা পান সেটা নিশ্চিত করার জন্য এবং এই তহবিলে সহায়তা করার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই এবং এই কর্মসূচি দ্রুত চালু ও কার্যকর করতে কাজ করে যাওয়া এই প্রশাসনের সবাইকে আমি ধন্যবাদ জানাই।"

উপযুক্ত বাড়ির মালিকদের অবশ্যই তাদের এলাকা অনুযায়ী বাজারের ন্যায্য ভাড়ার 150 শতাংশ বা তার কম ভাড়ায় লিজ দেয়া ইউনিটের মালিক হতে হবে এবং অবশ্যই ইউনিট খালি করে চলে গেছেন অথবা জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচিতে অংশগ্রহণ করতে অস্বীকৃতি জানিয়েছেন এমন কোনো ভাড়াটিয়া কর্তৃক 1 মার্চ, 2020 তারিখের পর থেকে অপরিশোধিত ও জমতে থাকা বকেয়া ভাড়ার কাগজপত্র থাকতে হবে। 20টি বা তার কম সংখ্যক ইউনিটবিশিষ্ট ভবনের মালিক এবং 7 অক্টোবর, বৃহস্পতিবারে কর্মসূচি উন্মুক্ত হওয়ার তারিখ থেকে প্রথম 45 দিনের মধ্যে যারা আবেদন করবেন তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

যেসব বাড়ির মালিক স্টেটের ভাড়া সহায়তা কর্মসূচির জন্য আবেদন করেছিলেন তারা এই অনলাইন পোর্টালে তাদের বিদ্যমান অ্যাকাউন্টের মাধ্যমে স্টেট তহবিলের জন্য আবেদন সম্পন্ন করতে পারবেন অথবা ইতোমধ্যে তারা সেটি না করে থাকলে একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করে নিতে পারবেন। এই সহায়তা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে, এবং এটি সুনির্দিষ্টভাবে 2020 সালের মার্চ মাসে COVID-19 মহামারী শুরু হওয়ার পর থেকে জমতে থাকা বকেয়া ভাড়ার জন্য পরিকল্পনা করা হয়েছে। আরো তথ্য otda.ny.gov/lrap ওয়েবসাইটে পাওয়া যাবে।

"এই বাড়তি স্টেট তহবিল নিজেদের কোনো দোষ ছাড়াই ফেডারেল সহায়তা থেকে বঞ্চিত হওয়া বাড়ির মালিকদের উষ্ণ সহায়তা প্রদান করবে," **বলেছেন OTDA-র এক্সিকিউটিভ**

ডেপুটি কমিশনার বারবারা গুইন। "এই পূরণ না হওয়া চাহিদা শনাক্ত করা এবং এই গুরুত্বপূর্ণ স্টেট তহবিলের ব্যবস্থা করা উভয়টির জন্য আমি গভর্নর হোচুলের প্রশংসা করি।"

15 জানুয়ারি, 2022 তারিখ পর্যন্ত আবাসিক বহিষ্কার স্থগিতকরণের একটি আইনে গত মাসে গভর্নর হোচুল স্বাক্ষর করেছেন। এই আইনে ভাড়াটিয়ারা অংশগ্রহণ করতে অস্বীকৃতি জানিয়েছেন অথবা ভাড়া বকেয়া রেখেই বাড়ি ছেড়ে দিয়েছেন এমন বাড়ির মালিকদের সাহায্য করার জন্য 125 মিলিয়ন ডলার পৃথক করে রাখা হয়েছিল।

সেইসাথে, গভর্নর হোচুল গত মাসে যুক্তরাষ্ট্রের কোষাগার বিভাগের (U.S. Treasury Department) কাছে নিউ ইয়র্কের জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির অবশিষ্ট অর্থের পরিমাণ কমতে থাকা এবং স্টেটজুড়ে সহায়তার প্রয়োজন বিদ্যমান থাকার কারণে এই কর্মসূচির জন্য অতিরিক্ত তহবিল পাওয়ার অনুরোধ জানিয়ে একটি চিঠি পাঠিয়েছেন।

এখন পর্যন্ত এই কর্মসূচি বাড়ির মালিকদের সহায়তার জন্য মোট 804 মিলিয়ন ডলারের 63,000 এরও বেশি সরাসরি পেমেন্ট প্রদান করেছে। বিভিন্ন স্টেটে ERAP বাস্তবায়ন ট্র্যাককারী ন্যাশনাল লো ইনকাম হাউজিং কোয়ালিশনের (National Low Income Housing Coalition) তথ্য অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট এখন অর্থ পরিশোধ করা অথবা বরাদ্দ করার ক্ষেত্রে 1.8 বিলিয়ন ডলারের বেশি পরিমাণ অর্থ নিয়ে জাতীয়ভাবে প্রথম স্থানে রয়েছে, এবং সরাসরি পেমেন্ট করার ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের ERAP বাড়ির মালিক পেমেন্ট ইস্যু করার জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান না করলেও অথবা বরাদ্দকৃত বকেয়া ভাড়া প্রত্যাখ্যান করলেও ভাড়াটিয়াদের বাড়ি থেকে বহিষ্কার হওয়া থেকে সুরক্ষা প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418